



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি.

#### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বই মেলা সমাপ্ত সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার দিলেন ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে নগরীর মুসলিম ইনস্টিটিউট চত্বর জুড়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত ১১ দিন ব্যাপি বই মেলার আজ ছিল সমাপনী দিবস। গত ১৮ ফেব্রুয়ারি সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বই মেলার শুভ উদ্বোধন করেন। আজ ২৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. বিকেল ৩.৩০ টা থেকে বই মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। বিকেল ৪ টায় থেকে একুশ মঞ্চে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণ ও অমর একুশের আলোচনা সভায় সভাপতিত্ব করেন চসিক স্বাস্থ্য ও শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি ও ২৪ নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী। বিশেষ অতিথি ছিলেন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ। স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন। মঞ্চে জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম ও শিক্ষা কর্মকর্তা মো. সাইফুর রহমান সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সিটি কর্পোরেশন আয়োজিত বই মেলায় অংশ গ্রহনকারী স্টল, প্রকাশনী সংস্থা, সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহনকারী শিক্ষা প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী সাংস্কৃতিক ও রচনা প্রতিযোগিতায় বিজয়ী ২৬০ জন সহ বই মেলায় অংশগ্রহনকারী প্রকাশনা সংস্থা বলাকা প্রকাশন প্রথম, শৈলী প্রকাশন দ্বিতীয় এবং শব্দ শিল্প প্রকাশন তৃতীয় এবং বিগত ১১ দিন যাবত বই মেলায় অনুষ্ঠিত সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ভারপ্রাপ্ত মেয়র বলেন, বই মেলার মধ্য দিয়ে পাঠকের সংখ্যা বৃদ্ধি পায়, প্রকাশনা শিল্প ও লেখক অনুপ্রাণিত হয়। ভারপ্রাপ্ত মেয়র বলেন, অমর একুশে বাঙালির চেতনাকে শাণিত করে, অন্যায্য, অসত্য ও অসুন্দরের বিরুদ্ধে প্রতিবাদী হতে প্রেরণা দেয়। তিনি বলেন, বাংলা ভাষা কারোও দয়ার দান নয়। রক্তের বিনিময়ে অর্জিত হয়েছে ভাষার অধিকার। তিনি বাংলাদেশের ইতিহাস সঠিকভাবে উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। ভারপ্রাপ্ত মেয়র বলেন, সত্যকে মিথ্যা দিয়ে ঢাকা যায় না। সত্য ইতিহাস অবশ্যই উঠে আসবে। তিনি মহান ভাষা আন্দোলনের শিক্ষা থেকে সন্ত্রাস ও নৈরাজ্যমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে অনুপ্রাণিত হওয়ার আহবান জানান।

চট্টগ্রাম- ২৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি.

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের নির্ধার  
সাথে দায়িত্বপালনের নির্দেশ দিলেন ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী**  
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী ২৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. বিকেলে নগরভবনের সম্মেলন কক্ষে চসিক পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-

কর্মচারীদের সাথে বৈঠক করেন। বৈঠকে তিনি সকলকে নির্ণায় সাথে দায়িত্ব পালনের নির্দেশ দেন। তিনি বলেন, পরিষ্কন্ন নগরী নগরবাসীর একমাত্র কামনা। নগরবাসীর স্বাঙ্কন্দ জীবন যাপনে উন্নত পরিবেশ অপরিহার্য এ বিষয়টি বিবেচনায় নিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাঙ্ক আ জ ম নাছির উদ্দীন আবর্জনা ব্যবস্থাপনায় আমুল পরিবর্তন করেছেন। তিনি ডোর টু ডোর বর্জ্য ব্যবস্থাপনা এবং রাতে বর্জ্য ব্যবস্থাপনা কর্মসূচী বাস্তবায়ন করে যাঙ্কেন। পরিষ্কন্ন বিভাগের কর্মকর্তা,কর্মচারী ও পরিষ্কন্ন শ্রমিকদের আন্তরিকতা,নির্ণা ও সততার উপর পরিষ্কন্ন নগরী নির্ভর করে। সকলে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে সম্পাদন করলেই নগরবাসী উপকৃত হবে। অন্যথায় মেয়রের উঙ্ক্ল ভাবমূর্তিকে প্রশ্নবিদ্ধ করবে। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধান পরিষ্কন্ন কর্মকর্তা শফিকুল মল্লান সিদ্দিকী। সভায় পরিষ্কন্ন কর্মকর্তা মোরশেদুল আলম, শেখ হাসান রেজা, তস্বাবধায়ক,পরিদর্শক,সুপারভাইজার ও দলপতিগণ স্ব স্ব জোনের বিস্তারিত তথ্য উপাত্ত উপস্থাপন করেন।

## **সংবাদদাতা**

**মো. আবদুব রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**